# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 03.07.2024 Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) **উত্তর দিনাজপুরের** চোপড়ায় বিবাহ-বহির্ভূত সম্পর্কের জেরে দুই তরুণ–তরুণীকে সালিশি সভায় মারধোরের ঘটনাকে সমর্থন করে স্থানীয় তৃণমূল কংগ্রেস বিধায়ক হামিদুর রহমানের মন্তব্যের জন্য দল তাঁকে শো-কজ করেছে।

২) ডাবগ্রাম ফুলবাড়ি তৃণমূল কংগ্রেসের সাংগঠনিক ব্লক সভাপতি দেবাশিষ প্রামাণিককে দল থেকে বহিষ্কার করা হয়েছে।

৩) রাজ্যে গণ প্রহারের একেরপর এক গণপ্রহারের ঘটনার প্রেক্ষিতে সমস্ত জেলা প্রশাসনকে নজরদারি আরও বাড়ানোর এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৪) কলকাতা হাইকোর্ট প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় সি বি আই-কে ও এম আর শিটের তথ্য জমা দেওয়ার নির্দেশ দিয়েছে।

৫) নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের প্রায় সর্বত্রই বৃষ্টি হচ্ছে। উত্তরবঙ্গে আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ।

৬) কলকাতা প্রিমিয়ামলিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট ও ভবানীপুর ক্লাবের মধ্যে খেলাটি অমীমাংশিতভাবে শেষ হয়েছে।

oooooooooooooooooooooo

উত্তর দিনাজপুরের চোপড়ায় বিবাহ-বহির্ভূত সম্পর্কের জেরে দুই তরুণ–তরুণীকে সালিশি সভায় মারধোরের ঘটনাকে সমর্থন করে স্থানীয় তৃণমূল কংগ্রেস বিধায়ক হামিদুর রহমানের মন্তব্যের জন্য দল তাঁকে শো-কজ করেছে। তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি কানহাইয়ালাল আগরওয়াল জানিয়েছেন, ওই মন্তব্যের ব্যাখ্যা চাওয়া হয়েছে বিধায়কের কাছে। সাত দিনের মধ্যে তাঁকে জবাব দিতে বলা হয়েছে ।

উল্লেখ্য, গত রবিবার ভাইরাল হওয়া এক ভিডিও-তে দেখা যায় বিধায়কের ঘনিষ্ঠ তৃণমূল কংগ্রেস নেতা তাজিমূল ইসলাম ওরফে জেসিবি ওই তরুণ – তরুণীকে বেধড়ক মারধোর করছে। এই নিয়ে শুরু হয়েছে তোলপাড়। পুলিশ তাজিমূলকে গ্রেফতার করে। তাকে পাঁচদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

এরই মধ্যে বিধায়ক হামিদুর রহমানের মন্তব্যকে ঘিরে শুরু হয়েছে বিতর্ক। এই ঘটনার ব্যাপারে তিনি বলেন, পরকীয়া সম্পর্ক সমাজে গ্রহণযোগ্য নয়, - তবে, এক্ষেত্রে একটু বেশি বাড়াবাড়ি করা হয়েছে।

বিধায়ক অবশ্য পরে সাংবাদিকদের কাছে এই ঘটনায় দুঃপ্রকাশ করে বলেন, তাঁর মন্তব্যের অপব্যাখ্যা করা হচ্ছে, তিনি তা বলতে চাননি। ঘটনার পর মুখ্যমন্ত্রীও তাঁকে ফোন করেছিলেন এবং তিনি সমস্ত ঘটনা জানিয়েছেন।

অন্যদিকে, কংগ্রেস তাজিমূল ঘনিষ্ঠ গির আলমের সঙ্গে বিধায়কের একটি ছবি প্রকাশ্যে এনেছে। ওই ছবিতে আলমের হাতে বন্দুক দেখা যাচ্ছে। চোপড়ার বর্ষীয়ান কংগ্রেস নেতা অশোক রায়, এব্যাপারে উচ্চ পর্যায়ের তদন্তের দাবি জানিয়েছেন।

চোপড়ার ঘটনায় রাজ্য পুলিশ ইতিমধ্যেই সেখানকার আই সি কেও কারণ দর্শানোর নোটিশ জারি করেছে। স্বতঃপ্রণোদিত হয়ে পুলিশ মামলা রুজু করেছে।

oooooooooooooooooooooo

আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যে সাম্প্রতিক কয়েকটি ঘটনা নিয়ে গতকাল পুলিশের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। নবান্ন সূত্রে জানা গেছে,  চোপড়া ও কোচবিহারের ঘটনা নিয়ে পুলিশের ভূমিকায় তীব্র অসন্তোষ প্রকাশ ক’রে পুলিশকে তিনি আরও সক্রিয় হতে বলেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি কোচবিহার এবং চোপড়ার ঘটনায় সিবিআই তদন্তের দাবি জানাবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল কলকাতায় সাংবাদিকদের বলেন, এই দাবি জানিয়ে রাজ্যের মুখ্য সচিবকে চিঠি দেবেন। মুখ্য সচিব এই দাবি না মানলে তিনি আদালতের দ্বারস্থ হবেন এবং আগামী দিনে বিজেপি আরও বৃহত্তর আন্দোলনে সামিল হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, কোচবিহারের মাথাভাঙার নির্যাতিতা বিজেপি কর্মীর সঙ্গে গতকাল শিলিগুড়ির সার্কিট হাউসে দেখা করেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। দিল্লি থেকে বাগডোগরা পৌঁছে, তিনি সরাসরি সার্কিট হাউসে যান।

নির্যাতিতাও বলেছেন, রাজ্যপাল তাঁকে সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

শিলিগুড়ি থেকে রাজ্যপালের চোপড়া যাওয়ার কথা থাকলেও তিনি সিদ্ধান্ত বদলে ফের বাগডোগরা হয়ে দিল্লি রওনা হয়ে যান।

অন্যদিকে, চোপড়ায় বিবাহ-বহির্ভূত সম্পর্কের জেরে দুই তরুণ–তরুণীকে সালিশি সভায় মারধোরের ঘটনাকে সমর্থন করে স্থানীয় তৃণমূল কংগ্রেস বিধায়ক হামিদুর রহমানের মন্তব্যের জন্য দল তাঁকে শো-কজ করেছে। তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি কানহাইয়ালাল আগরওয়াল জানিয়েছেন, ওই মন্তব্যের ব্যাখ্যা চাওয়া হয়েছে তাঁর কাছে।  সাত দিনের মধ্যে তাঁকে জবাব দিতে হবে।

oooooooooooooooooooooo

ডাবগ্রাম ফুলবাড়ীর তৃণমূল কংগ্রেসের সাংগঠনিক ব্লক সভাপতি দেবাশীষ প্রামাণিককে দল থেকে বহিষ্কার করা হল।গতকাল বিকেলে জলপাইগুড়ি জেলা তৃণমূল কার্যালয়ে এ নিয়ে একটি সাংবাদিক বৈঠক করেন জেলা সভানেত্রী মহুয়া গোপ।

উল্লেখ্য, সরকারি জমি কারবারের সাথে যুক্ত থাকার অভিযোগে ইতিমধ্যে গ্রেফতার হয়েছেন দেবাশীষ প্রামানিক। বর্তমানে তিনি পুলিশ হেফাজতে। তার গ্রেফতারির পরেই চাঞ্চল্য ছড়ায় রাজনৈতিক মহলে। বেআইনি জমি দখল, সরকারি জমি কেনা বেচার সাথে যুক্তদের কোনভাবেই রেহাই দেওয়া হবে না যা মুখ্যমন্ত্রী আগেই ঘোষণা করেন। অভিযুক্তদের বিরুদ্ধে প্রশাসন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করছে বলে জানান জেলা সভানেত্রী। তিনি আরো বলেন, জমি কারবারের সাথে  ডাবগ্রাম ফুলবাড়ির সাংগঠনিক ব্লক সভাপতি  দেবাশীষ প্রামাণিকের নাম উঠে আসার পর রাজ্য শীর্ষ নেতৃত্বের নির্দেশে তাকে দল থেকে বহিষ্কার করার এই  সিদ্ধান্ত নেওয়া হোল।

ooooooooooooooooooooo

রাজ্যে গণপ্রহারের একের পর এক ঘটনা নিয়ে উদ্বেগের মধ্যেই সমস্ত জেলা প্রশাসনকে নজরদারি আরো বাড়ানোর এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

গণপিটুনির কথা উল্লেখ না করে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় ও ADG আইনশৃখলা মনোজ ভার্মা গতকাল এক যৌথ সাংবাদিক বৈঠকে বলেন, ২০১৮ সালের একটি মামলায় সুপ্রিম কোর্টের রায়ের ১২ দফা নীতি নির্দেশিকার প্রতিলিপি পাঠানো হয়েছে সব জেলার পুলিশ সুপার ও পুলিশ কমিশনাদের। পাশাপাশি মানুষকেও সতর্ক থাকতে বলা হয়েছে।

(বাইট- আলাপন  )

সোশ্যাল মিডিয়ার ওপর নজরদারি এবং অপরাধমূলক কার্যকলাপ রুখতে প্রয়োজনে সব জেলা পুলিশ সুপার, পুলিশ কমিশনার ও রেল পুলিশ সুপারদের নিয়ে একটি 'টাস্ক ফোর্স' গঠন করার কথাও বলেছেন তাঁরা। ADG জানান, সব ঘটনার'ই তদন্ত শুরু হয়েছে।

দেশে বলবত হওয়া নতুন ফৌজদারি আইনে গণপ্রহারে মৃত্যুর ঘটনায় দোষীদের কঠোর সাজার সংস্থান রয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ জানিয়েছেন।

তিনি আরও বলেন, নতুন ফৌজদারি আইন পুলিশের হাতে অনেক বেশী ক্ষমতা দিয়ে, দেশে 'পুলিশ রাজ' প্রতিষ্ঠা করার পথ প্রশস্ত করেছে বলে বিভিন্ন মহলের সমালোচনা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ খারিজ করে দিয়েছেন। তিনি বলেছেন, আগের আইনগুলির ত্রুটি-বিচ্যুতি সংশোধন করেই আনা হয়েছে নতুন এই 'ন্যায় সংহিতা'।

( বাইট- অমিত শাহ )

সাইবার আইন বিশেষজ্ঞ, পশ্চিমবঙ্গ সরকারের কৌঁসুলি বিভাস চট্টপাধ্যায়'ও মনে করেন, পুলিশের হাতে নিরঙ্কুশ ক্ষমতা দেওয়া হয়নি।

(বাইট- বিভাস )

oooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় গণ প্রহারের ঘটনার মধ্যেই কলকাতা এন আর এস হাসপাতালের সামনে গত সন্ধ্যায় মোবাইল চোর সন্দেহে এক ব্যক্তিকে কয়েকজন মিলে বেধড়ক মারধোর করে। সেখানে কর্তব্যরত এক ট্রাফিক সার্জেন্টের বিষয়টি নজরে এলে তিনি যুবককে উদ্ধার করে এন্টালি থানায় নিয়ে যান। কাউকে অবশ্য গ্রেফতার করা যায়নি।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার আড়িয়াদহের যে জায়গায় গত রবিবার রাতে কলেজ ছাত্র সায়নদীপ ও তার মা কে মারধোর করা হয়, সেই কেদারনাথ সিং রোড এলাকায় গত সন্ধ্যেয় যান এলাকার বিধায়ক মদন মিত্র। সেখানে এলাকাবাসী তাকে ঘিরে ধরে বিক্ষোভ দেখান। মূল অভিযুক্ত জয়ন্ত সিং এর গ্রেফতারের পাশাপাশি এলাকায় নিরাপত্তা সুনিশ্চিত করারও দাবি তারা জানান।

মদন মিত্র বলেন, ব্যারাকপুরের পুলিশ কমিশনার ও রাজ্যের স্বরাষ্ট্রসচিবের সঙ্গে তিনি কথা বলেছেন। ২৪ ঘন্টার মধ্যে অভিযুক্তদের গ্রেফতার ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির আশ্বাস দেন তিনি ।

এদিকে ওই মহিলা ও তাঁর ছেলেকে রাস্তায় ফেলে মারধোরের ঘটনায় ৭'জনকে পুলিশ গ্রেপ্তার করেছে। তবে স্থানীয় বাসিন্দাদের দাবী, ধৃতদের মধ্যে একজনই ঘটনার সময় উপস্থিত ছিল। মূল অভিযুক্ত, এলাকার কুখ্যাত দুষ্কৃতী জয়ন্ত্ সিং এবং আরেক অভিযুক্ত প্রীতম কাহার পলাতক। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় জনরোষ তৈরী হয়েছে। ঘটনার সিসি টিভি ফুটেজ প্রকাশ্যে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

oooooooooooooooooooooo

প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় তদন্তকারী সংস্থা সিবিআইকে উত্তরপত্র বা ওএমআর শিটের তথ্য জমা দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজাশেখর মান্থা নির্দেশ দিয়েছেন, ওএমআর শিট স্ক্যান করে কোথায়, কোন হার্ডডিস্কে রাখা হয়েছিল শুক্রবারের মধ্যে তা সিবিআইকে জানাতে হবে। বিচারপতির পর্যবেক্ষণ, ওএমআর সিট স্ক্যান করা হলে সব হার্ডডিস্কে থাকবে। সেই ডিস্ক নষ্ট করে দেওয়া হলে তারও তদন্ত হবে বলে তিনি জানিয়েছেন ।

উল্লেখ্য, সিবিআই গতকাল হাইকোর্টে ওএমআর শিট নিয়ে রিপোর্ট জমা দেয় ।

oooooooooooooooooooooo

NEET UG, UGC NET সহ একাধিক প্রবেশিকা পরীক্ষা স্বচ্ছভাবে পরিচালনায় কেন্দ্রীয় সরকার প্রতিজ্ঞাবদ্ধ। সাম্প্রতিক প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় চক্রান্তকারীদের সাজা দিতে কাজ চালাচ্ছে তদন্তকারী সংস্থা।

এই বিষয়ে **আগামীকাল** শুনবেন একটি আলোচনা- **পরীক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা**। প্রযুক্তিবিদ ও অর্থনৈতিক বিশ্লেষক সুদীপ্ত গুহর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গ এবং DTH বাংলায়।

oooooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ও ভবানীপুর ক্লাবের মধ্যে খেলাটি গতকাল অমীমাংশিতভাবে শেষ হয়েছে। ব্যারাকপুর ষ্টেডিয়ামে দু দলই ১-১ গোল করে। খেলার ১০ মিনিটে শিবাজিৎ সিং এর দেওয়া গোলে মোহনবাগান এগিয়ে যায়। ১৭ মিনিটে ভবানীপুর দলের পক্ষে জিতেন মুর্মু গোল করে সমতা ফেরান।

এদিকে, খেলার প্রথমার্ধের শেষদিকে সংঘর্ষে আহত হয় ভবানীপুর দলের সইফুল রহমান । মাঠে তাকে কৃত্রিমভাবে শ্বাস-প্রশ্বাস দেওয়া হয়। অ্যাম্বুলেন্সে হাসপাতালে নিয়ে যেতে হয়। তার অবস্থা স্থিতিশীল বলে জানা গেছে।

নৈহাটি ষ্টেডিয়ামে অন্য ম্যাচে টালিগঞ্জ অগ্রগামী ৫-০ গোলে ইস্টার্ন রেলকে হারিয়ে দিয়েছে। ভবানী জয়শ্বর হাটট্রিক করেছেন। অন্য গোল দুটি করেছেন সঞ্জয় শর্মা ও সুরজিৎ কুন্ডু।

ooooooooooooooooooooo

oooooooooooooooooo

oooooooooooooooooo